দৈনিক বাংলা

তারিখ 1 9 FEB 1987
পৃষ্ঠা 7 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

1

# কুমিল্লায় দু'বছরে ২ লাখ প্রাইমারী শিক্ষার্থীর স্কুল ত্যাগ

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা ১৬ই ফেব্রুয়ারী।—কুমিল্লা জেলায় প্রতি বছর বিপুল সংখ্যক প্রাথমিক ছাত্রছাত্রী লেখাপড়ার মাঝ পথ থেকে বিদায় নিচ্ছে। গত দুই বছরে বিদায় নিয়েছে ১ লাখ ৭৮ হাজার ছাত্রছাত্রী।

জেলা প্রাথমিক শিক্ষা পরিদফতরের এক পরিসংখ্যান থেকে জানা গেছে, জেলার ১২টি উপজেলায় ১৯৮৬ সালে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীর সংখ্যা ছিলো ৪ লাখ ১০ হাজার। তারমধ্যে বার্ষিক পরীক্ষার আগেই বিদ্যালয় ছেড়েছে প্রায় ৮৭ হাজার, তার আগের বছর বিদ্যালয় ছেড়েছে ৯১ হাজার। তার আগের বছরের পরিসংখ্যান জানা যায়নি। তবে সে বছরের সংখ্যাও এর চেয়ে কম হবে না।

স্থানীয় অভিজ্ঞ মহলের মতে অভিভাবকদের আর্থিক সংকটের কারণেই প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে অধিকাংশ শিক্ষার্থী মধ্য পথে পড়ালেখা ছেড়ে দিতে বাধ্য হয়। অবশ্য শিক্ষা সম্পর্কে মূল্যবোধের অভাবেও অনেক অভিভাবক এব্যাপারে উদাসীন থাকেন।

উল্লেখ্য, কুমিল্লা জেলায় ১ লাখ ৮৩ হাজার বিদ্যালয় গমনোপযোগী শিশু রয়েছে যারা বিদ্যালয়ে যায় না।